



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-৩৯০৯

তারিখঃ ২২/০৯/২০১৬ খ্রিঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলাঃ-----

জেলাঃ-----


বিষয়ঃ প্রকল্পের আওতায় গঠিত সমিতির সদস্যদের ডাটাবেইজ এর তথ্যসমূহ যাচাই প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় গঠিত সমিতির সদস্যদের তথ্যসমূহ (নাম, ছবি, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর এবং স্বাক্ষর/টিপসই) প্রকল্পের অনলাইন সফটওয়্যারের মাধ্যমে উপজেলা হতে আপনাদের সহযোগিতায় এন্ট্রি করা হয়েছে। উক্ত তথ্যসমূহ প্রিন্ট করে বই আকারে বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থায় প্রেরণ করা হবে। তাই সদস্যদের তথ্যসমূহ সঠিক হওয়া আবশ্যিক। তথ্যসমূহ যাচাই এর জন্য সংশ্লিষ্ট উপজেলার প্রতিটি সমিতির সদস্যদের তথ্যসমূহের হার্ডকপি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

২। প্রেরিত হার্ড কপি হতে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মাঠসংগঠকদের সমিতিওয়ারী ফটোকপি করে সমিতি পর্যায়ে সরেজমিনে তথ্যসমূহ যাচাই/নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে মাঠসংগঠক কর্তৃক সদস্য পর্যায়ে সুফলভোগী সদস্যের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের মূলকপি দেখে জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও স্বাক্ষর/টিপসই যাচাই করতে হবে। উল্লেখ্য, জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর ব্যতিত প্রকল্পের আওতায় কোন সদস্য নেয়া যাবে না। মোবাইল নম্বর এর ক্ষেত্রে অবশ্যই সুফলভোগী সদস্যের নিজের মোবাইল নম্বর হতে হবে, তবে ক্ষেত্র বিশেষে স্বামী/পিতা/মাতার মোবাইল নম্বর উল্লেখ করা যাবে। কোন অবস্থাতেই অন্য কারও এবং অকার্যকর (অব্যবহৃত) মোবাইল নম্বর গ্রহণযোগ্য নয়, কেননা মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়/প্রশাসনিক মন্ত্রণালয়/পরিকল্পনা কমিশন/প্রকল্প দপ্তর হতে সদস্যের সত্যতা যাচাই এবং বিভিন্ন সময় প্রকল্পের বিভিন্ন সেবা গ্রহণের ক্ষেত্রে সদস্যদের কোন অসুবিধা/জটিলতা/ভোগান্তি হয় কিনা তা জানার জন্য সরাসরি মোবাইল যোগাযোগ করা হবে। এছাড়া সদস্যদের যাবতীয় আর্থিক লেনদেন মোবাইল এসএমএস এর মাধ্যমে সদস্যদের মোবাইলে প্রেরণ করা হবে। তাই ডাটা বেইজে যে সকল সদস্যের মোবাইল নম্বর নেই তাদেরটিও অবশ্যই সংগ্রহ করতে হবে।


৩। সমিতির সদস্যওয়ারী ডাটাবেইজ এর তথ্যসমূহের হার্ড কপিতে কোন তথ্য সঠিক না থাকলে সংশ্লিষ্ট মাঠসংগঠক কর্তৃক লাল কালি দিয়ে সংশোধন করতে হবে এবং সংশোধিত তথ্যসমূহ (যদি পূর্বের তথ্য ভুল থাকে) হিসাব সহকারী/এআরডিও কর্তৃক সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে। সফটওয়্যারে এন্ট্রি পরবর্তিতে মাঠসংগঠক কর্তৃক লাল কালি দিয়ে সংশোধিত হার্ড কপি সমূহ সংশ্লিষ্ট মাঠসংগঠক, হিসাব সহকারী ও এআরডিও এর যৌথ স্বাক্ষরে প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে যা ভবিষ্যৎ এর জন্য সংরক্ষিত থাকবে, যার মাধ্যমে ভবিষ্যৎ এ সদস্যদের কোন তথ্য নিয়ে জটিলতা সৃষ্টি হলে (অসত্য/ভুল তথ্য দেয়া হলে) উক্ত তথ্য সংগ্রহকারী এবং ডাটা এন্ট্রিকারী হিসেবে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৪। এমতাবস্থায়, প্রকল্পের সুফলভোগীদের তথ্যসমূহ যাচাইপূর্বক উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ আগামী ৫/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে অনুচ্ছেদ-৩ এর নির্দেশনা মোতাবেক যাবতীয় তথ্যের সংশোধিত হার্ড কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ ----- ।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ ----- । (সদস্যদের তথ্যসমূহ যাচাই এর বিষয়ে মাঠসংগঠক ও হিসাব সহকারীসহ যৌথভাবে কার্যাদি দ্রুত সম্পাদনের জন্য নির্দেশনা দেয়া হলো ।)
৫. হিসাব সহকারি (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ ----- ।
৬. মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ ----- ।
৭. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা । (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা ।
৯. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল ।



আরিফুল হক

উপপ্রকল্প পরিচালক (প্রশাসন)

ইরেসপো, বিআরডিবি, ঢাকা ।